

# বাউবির বিএ ও বিএসএস পরীক্ষার ফল প্রকাশ, পাস ৬৬.৭৩ শতাংশ

মাজহারুল ইসলাম (কাঞ্চন), গাজীপুর

প্রকাশিত: ২২:১২, ২৬ ফেব্রুয়ারি ২০২৬



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪-এর প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ সেমিস্টারের বিষয়ভিত্তিক ফলাফল এবং চূড়ান্ত ফল প্রকাশ করা হয়েছে। আজ বৃহস্পতিবার পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) মো. হাবিবুল্যাহ মাহামুদ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আনুষ্ঠানিকভাবে এ ফল ঘোষণা করেন।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, ছয়টি সেমিস্টারে মোট নিবন্ধিত শিক্ষার্থীর সংখ্যা ছিল ২ লাখ ৫৯ হাজার ৯৬৯ জন, যার মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করেন ২ লাখ ২০ হাজার ২১৪ জন। চূড়ান্ত পরীক্ষায় অংশ নেয় ৪০ হাজার ৪৭৬ জন শিক্ষার্থী। এর মধ্যে ২৭ হাজার ৮ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। সামগ্রিক পাসের হার দাঁড়িয়েছে শতকরা ৬৬ দশমিক ৭৩।

উত্তীর্ণদের মধ্যে ১৪ হাজার ৬৬৭ জন ছাত্র এবং ১২ হাজার ৩৪১ জন ছাত্রী। গ্রেডভিত্তিক ফলাফলে দেখা যায়, ১ জন 'A-', ১৭০ জন 'B+', ২ হাজার ৬৭১ জন 'B', ৮ হাজার ৭৬০ জন 'B-', ১০ হাজার ৪২ জন 'C+', ৪ হাজার ৭৭৩ জন 'C' এবং ৫৯১ জন 'C-' গ্রেডে উত্তীর্ণ হয়েছেন। সর্বাধিক শিক্ষার্থী 'C+' ও 'B-' গ্রেডে উত্তীর্ণ হয়েছে, যা ফলাফলের মধ্যম মানকে প্রতিফলিত করে।

শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট [result.bou.ac.bd](http://result.bou.ac.bd) থেকে ফলাফল জানতে পারবেন। এছাড়া এসএমএসের মাধ্যমেও চূড়ান্ত ফল সংগ্রহ করা যাবে।

---